



স্মারক নম্বর: ৪৬.৪১.৪৮০০.০১০.০৩.০৩২.১৯-৪৯৯

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩৩
০৪ অক্টোবর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: কিশোরগঞ্জ জেলার ইউনিয়ন পরিষদসমূহে হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে নিয়োগ পরীক্ষা ২০২৬ এর প্রবেশপত্র ইস্যুকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় এবং ০৪ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত বাছাই কমিটির “প্রবেশপত্র ইস্যুকরণ এবং কেন্দ্র নির্ধারণ বিষয়ক সভা”র সিদ্ধান্তের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ এর স্থানীয় সরকার শাখার ১৯ অক্টোবর ২০১৯ তারিখের ৪৬.৪১.৪৮০০.০১০.০৩.০৩২.১৯-২৯২ নম্বর স্মারকে জারীকৃত বিজ্ঞপ্তির অধীনে আবেদন দাখিলকারী (২০১৯ সনের আবেদনকারী) যোগ্য প্রার্থীগণ আগামী ১৩ অক্টোবর ২০২৬ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (প্রবেশপত্রের জন্য) এবং জাতীয় পরিচয়পত্রের মূল কপিসহ (পরিচয় নিশ্চিতির জন্য) জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ এর স্থানীয় সরকার শাখার ২২৫ নম্বর কক্ষে সশরীরে উপস্থিত হয়ে প্রবেশপত্র সংগ্রহ করবেন। আবেদনকারী ভিন্ন অন্য কারো নিকট কোনভাবেই প্রবেশপত্র ইস্যু করা হবে না। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রবেশপত্র ব্যতীত কাউকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২। জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ এর স্থানীয় সরকার শাখার ৩০ জুলাই ২০২৬ তারিখের ৪৬.৪১.৪৮০০.০১০.০৩.০২৬.২৬-৪১৫ নম্বর স্মারকে জারীকৃত বিজ্ঞপ্তির অধীনে আবেদন দাখিলকারী (২০২৬ সনের আবেদনকারী) প্রার্থীগণকে জেলা প্রশাসকের কার্যালয়ে উপস্থিত হয়ে প্রবেশপত্র সংগ্রহের প্রয়োজন নেই। যোগ্য আবেদনকারীগণের জন্য ইস্যুকৃত প্রবেশপত্র তাদের স্ব-স্ব ঠিকানায় যথাসময়ে ডাকযোগে প্রেরণ করা হবে।

জেবুন নাহার শাম্মী
উপপরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার, কিশোরগঞ্জ
ও

সদস্য সচিব, বাছাই কমিটি
হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর
পদে নিয়োগ পরীক্ষা ২০২৬
ই-মেইল: ddlgkish@gmail.com

স্মারক নম্বর: ৪৬.৪১.৪৮০০.০১০.০৩.০৩২.১৯-৪৯৯(২১১৫)

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩৩
০৪ অক্টোবর ২০২৬

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পুলিশ সুপার, কিশোরগঞ্জ;
২. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ;
৩. সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক কিশোরগঞ্জ মহোদয়ের সদয় অবগতির জন্য;
৪. অফিস কপি।

উপপরিচালক
স্থানীয় সরকার, কিশোরগঞ্জ